

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

প্রেস রিলিজ

**বিষয়:** বাংলাদেশ ও রাশান ফেডারেশনের মধ্যে স্বাক্ষরিত আন্তঃরাষ্ট্রীয় সহযোগিতা চুক্তির আওতায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের Nuclear Fuel Supply-এর নিমিত্ত একক উৎস হিসেবে রাশান ফেডারেশনের নির্ধারিত ঠিকাদার TVEL Joint Stock Company-এর নিকট থেকে সরাসরি ক্রয় চুক্তির মাধ্যমে Nuclear Fuel Supply Contract স্বাক্ষর সংক্রান্ত প্রেস রিলিজ

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের Nuclear Fuel Supply-এর জন্য রাশান পারমাণবিক জ্বালানি প্রস্তুত ও সরবরাহকারী প্রতিষ্ঠান TVEL Joint Stock Company এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের মধ্যে Price Calculation Methodology-সহ একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে আজ ৬ আগস্ট ২০১৯। উল্লেখ্য, বাংলাদেশ সরকার ও রাশান ফেডারেশন সরকারের মধ্যে ২ নভেম্বর ২০১১ তারিখ রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ বিষয়ে স্বাক্ষরিত Inter Governmental Agreement (IGA) এ বিদ্যুৎকেন্দ্রের নিউক্লিয়ার প্রযুক্তি সরবরাহকারী দেশ রাশান ফেডারেশন কর্তৃক বিদ্যুৎকেন্দ্র পরিচালনার পুরো Life time-এ Nuclear Fuel সরবরাহ করার বিষয়টি নিশ্চিত করা হয়।

২। এ চুক্তিটি ২০১৬ সাল থেকে বাংলাদেশ ও রাশান পক্ষের মধ্যে বিস্তর নেগোসিয়েশনের মাধ্যমে চূড়ান্ত করা হয়।

৩। বর্ণিত চুক্তিটি একটি ফ্রেমওয়ার্ক চুক্তি। এ চুক্তিতে নিউক্লিয়ার ফ্যুয়েলের মূল্য নির্ধারণের Methodology স্থির করা হয়েছে। প্রয়োজন অনুযায়ী সরবরাহের সময় বিশ্ব বাজারে বিদ্যমান দর অনুযায়ী এবং একটি নির্দিষ্ট সময় পর পর সরবরাহকৃত Nuclear Fuel-এর মূল্য নির্ধারিত হবে। চুক্তির Methodology of Contract Price Calculation অনুযায়ী এবং সময়ান্তরে চুক্তির মূল্য পুনঃনির্ধারণ পদ্ধতি উন্নয়নপক্ষ কর্তৃক হালনাগাদ (update) করা হবে। নিউক্লিয়ার ফ্যুয়েল ক্রয়ের ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি অনুসরণে আলোচ্য ফ্রেমওয়ার্ক চুক্তির Nuclear Fuel -এর ক্রয় মূল্য নির্ধারণে Uranium Price, Conversion Service, Enrichment Service ও Fuel Fabrication-এ চারটি ধাপ বিবেচনায় নেয়া হয়েছে।

এ চারটি ধাপের কার্যক্রম পৃথকভাবে নির্ধারিত হবে এবং চারটি ধাপের সমষ্টি ফ্যুয়েলের মূল্য হিসাবে প্রযোজ্য হবে। উল্লিখিত চারটি মূল্য একত্রিত করে ফ্যুয়েলের মূল্য নির্ধারিত হবে এবং যা প্রতি দশ বৎসর অন্তর পুনঃমূল্যায়ন ও পুনঃনির্ধারণ করা যাবে।

৪। চুক্তিটি গত ২৪/০৪/২০১৯ তারিখের অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক এবং গত ১৯/০৫/২০১৯ তারিখ সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে। অতঃপর চুক্তিটি গত ১৪/০৭/২০১৯ তারিখ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ভেটিং করা হয়েছে। উল্লেখ্য, চুক্তিটি ইতোমধ্যে রাশান ফেডারেশন সরকার কর্তৃক স্বাক্ষরের জন্য অনুমোদিত হয়েছে।